দৈনিক সংবাদ



তারিখ 19 DEC 1988
পৃষ্ঠা ৫/১/২

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

# এসএসসি পরীক্ষায় '৯১ সাল থেকে দীনিয়াত বাধ্যতামূলক হবে

সরকার ১৯৯১ সাল থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) পরীক্ষার জন্য দীনিয়াতকে বাধ্যতামূলক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছেন বলে গতকাল রোববার এক সরকারী ঘোষণায় বলা হয়।

জাতীয় শিক্ষা ও পাঠ্যক্রম বোর্ডের সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসস জানায়, ১৯৮৯ সালে যারা নবম শ্রেণীতে উঠবে তাদের

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## দীনিয়াত বাধ্যতামূলক হবে

(১ম পাতার পর)

বেলা থেকে এই সিদ্ধান্ত প্রযোজ্য হবে।

পাঠ্যক্রমের পুনর্গঠনের জন্য পরীক্ষার এক হাজার নম্বরের মধ্যে পাঁচটি বাধ্যতামূলক বিষয়ের জন্য ৭শ', নৈর্বাচনিক বিষয়গুলোর প্রথম পর্বের এক পেপারের জন্য ২শ' ও দ্বিতীয় পর্বের জন্য ১শ' নম্বর থাকবে।